

তাৰিখ 20 SEP 1986  
পৃষ্ঠা ১

## উপজেলা পরিক্রমা শরণখোলা

॥ শেখ মোহাম্মদ আলী ॥  
পীর খানজাহান আলীর পুণ্য স্থৃতি  
বিজড়িত বাগেরহাট জেলার একটি  
অবহেলিত। উপজেলার নাম  
শরণখোলা।

৪টি ইউনিয়ন ও ৪২টি গ্রাম নিয়ে  
গঠিত শরণখোলা উপজেলার আয়তন  
৫৮ বর্গ মাইল। সুন্দরবনসহ ২৯২ বর্গ  
মাইল। উপজেলার লোক সংখ্যা  
৮৫,৮১০ জন। এর মধ্যে পুরুষ  
৪৩,৪৮৯ জন, মহিলা ৪২,৩২১ জন।

### যোগাযোগ

শরণখোলা উপজেলার যোগাযোগ  
ব্যবস্থা খুবই অনুমত। যোগাযোগের  
প্রধান মাধ্যম নৌকা। পায়ে ইটা এবং  
লও। সড়ক যদিও নির্মাণ করা  
হয়েছে, কিন্তু হেরিংবঙ্গ না করায়  
যানবাহন চলাচল করতে পারছে না।  
ফলে উপজেলাবাসীদের জেলা সদরে  
ও অন্যান্য স্থানে যাতায়াতে দুর্ভোগ  
পোহাতে হচ্ছে। উপজেলায় কীচা  
পাকা মিলিয়ে জেলা পরিষদের ৯  
মাইল ও উপজেলা পরিষদের ৭২  
মাইল সড়ক রয়েছে।

### শিক্ষা

এ.উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে  
সরকারী প্রথমিক বিদ্যালয় ৩২টি,  
বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ৩০টি,  
এবতেদায়ী মাদ্রাসা ৩০টি, দাখিল  
মাদ্রাসা ৫টি, আলিম মাদ্রাসা ১টি,  
উচ্চ বিদ্যালয় ৮টি, জুনিয়র বিদ্যালয়  
৩টি, বালিকা উচ্চবিদ্যালয় ১টি ও  
মহাবিদ্যালয় ১টি রয়েছে। শিক্ষা  
প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন সমস্যা  
বিদ্যমান। চেয়ার, টেবিল, বেঝসহ  
আসবাবপত্রের অভাব রয়েছে।  
শিক্ষকগণ নিয়মিত বেতন পাচ্ছেন  
না। কোন কোন বিদ্যালয়ে  
প্রয়োজনীয় শিক্ষকও নেই। যার ফলে  
লেখাপড়ায় বিঘ্ন ঘটেছে।

### কৃষি

উপজেলা শরণখোলায় কৃষিজীবীর

সংখ্যা হচ্ছে প্রায় ১৪,৬০০ জন।  
মোট জমি ১,৮৮,১৬০ একর।  
(বনসহ) উৎপাদিত ও উদ্ভৃত ফসলের  
জমি ২০০ একর। এক ফসলী জমি  
২১,৬১৬ একর, দুই ফসলী জমি  
৮,২৬৯ একর। উপজেলার কৃষকদের  
মানা সমস্যা রয়েছে। এ উপজেলায়  
অনাবাদী জমি ১০,৫৬০ একর।  
উপজেলায় ভূমিহীন ৬৪ ভাগ।

### স্বাস্থ্য

এ উপজেলার ৩১ শয়ার স্বাস্থ্য  
প্রকল্পটি দেখতে খুব সুন্দর হলেও তা  
জনগণের কল্যাণ সাধনে ব্যর্থ হচ্ছে।  
প্রয়োজনীয় ঔষধের অভাব এখানে  
আছে। ডাঙ্কাররা অনেকেই প্রাইভেট  
রোগী চিকিৎসা করছে। যারা ফিস  
দিয়ে দেখাতে পারে, তারা রোগী  
দেখাচ্ছে। রোগীরা ডাঙ্কারদের কিছু  
বললে ডাঙ্কাররা মেজাজ দেখিয়ে  
রোগীদের হাসপাতাল থেকে তাড়িয়ে  
দেন। তাছাড়া হাসপাতালে রোগীদের  
নিম্ন মানের খাবার দেয়া হয়।

### ডাক ও টেলিফোন

উপজেলা সদর রায়েন্দাৰ সাব পোষ্ট  
অফিসটি বিভিন্ন সমস্যায় জর্জিরিত। এ  
সাব পোষ্ট অফিসের অধীনে ১১টি  
ক্রাঁক পোষ্ট অফিস রয়েছে। পোষ্ট  
অফিসে কোন ক্রাঁক না থাকায়  
পোষ্টম্যানকে ক্রাঁক-এর কাজ করতে  
হয়। ফলে চিঠিপত্র বিলিতে বিলম্ব  
হয়।

### হাট-বাজার

শরণখোলা উপজেলার হাট-বাজারের  
সংখ্যা ১১টি। এর মধ্যে প্রাধান প্রধান  
বাজার হলো—রায়েন্দা বাজার,  
তাফালবাড়ী বাজার ও আমড়াগাছিয়া  
বাজার। হাট-বাজারগুলোতে বিভিন্ন  
সমস্যা বিরাজ করছে। রাস্তাধাট পাকা  
না থাকায় ক্রেতা বিক্রেতাদের দুর্ভোগ  
পোহাতে হয়। তাছাড়া শৌচাগার না  
থাকায় তাদের প্রকৃতির ডাকে সাড়া  
দিতে গিয়ে সীমাহীন দুর্ভোগ পোহাতে  
হয়।